গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.১১০

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

প্রেরক : উপপরিচালক (কাবিখা-৩)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬, আ: গনি রোড, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর ও শ্রীনগর উপজেলার ২টি খাল খনন/পুনঃখনন/সংস্কারের নিমিত্ত মঞ্জুরিকৃত অর্থ বাতিলকরণ।**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.৯৯.০০১৫.২৬ (অংশ-১).৪২২, তারিখ: ০২.০৬.২০২৬
২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.৩৬, তারিখ: ০৮.০৪.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় বাজেটের কোড নং-১৪৯০১০১-১২০০০১৯১৩-অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতে মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর উপজেলার 'পূর্ব ফুলতলা রজতরেখা নদী থেকে আলীরটেক বাজার, কাওয়াদী গ্রাম হয়ে মেঘনা নদী পর্যন্ত' ও শ্রীনগর উপজেলার 'শ্রীনগর ফেরিঘাটের সংলগ্ন ব্রিজের পূর্ব দিক থেকে উত্তর দিকে, যমদুয়ারী খাল মসুরগাঁও, উত্তর পাইকসা, হোগলাগাঁও হয়ে নগরভোগ পর্যন্ত খাল পুনঃখনন' এর নিমিত্ত নিম্নোক্ত ছকের বিভাজন মোতাবেক উল্লিখিত শর্তে সূত্রোক্ত ২নং স্মারকে খাতওয়ারী উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দকৃত অর্থ সূত্রোক্ত ২নং স্মারকের বিভাজন মোতাবেক ওয়েজ কস্ট ১৪০৬৭৫৬/-, নন-ওয়েজ কস্ট ১৪২৫৫৭৫৪/- সর্দার মজুরি ৮৬০০/- এবং প্রশাসনিক ব্যয় ৬৫,০০০ টাকাসহ সর্বমোট ২,৮৩,৯৬,৯২২ (দুই কোটি তিরাশি লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বাইশ) টাকা সূত্রোক্ত ১নং স্মারকের নির্দেশনা মোতাবেক এতদ্দ্বারা বাতিল করা হলো।

**ওয়েজ কস্ট, নন-ওয়েজ এবং সর্দার মজুরি**

| ক্র. নং | জেলা | উপজেলা | উপকার ভোগীর সংখ্যা | খালের নাম | খালের দৈর্ঘ্য (কি.মি.) | ওয়েজ কস্ট | নন-ওয়েজ কস্ট | সর্দার মজুরি | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ সদর | ৩২৭ | পূর্ব ফুলতলা রজতরেখা নদী থেকে আলীরটেক বাজার, কাওয়াদী গ্রাম হয়ে মেঘনা নদী পর্যন্ত | ৫.৫০ | ৭০৩৩৭৮৪ | ৭১২৭৮৭৭ | ৪৩০০ | ১৪১৬৫৯৬১ |
| ২ | | শ্রীনগর | ৩২৭ | শ্রীনগর ফেরিঘাটের সংলগ্ন ব্রিজের পূর্ব দিক থেকে উত্তর দিকে, যমদুয়ারী খাল মসুরগাঁও, উত্তর পাইকসা, হোগলাগাঁও হয়ে নগরভোগ পর্যন্ত খাল পুনঃখনন | ৫.৫০ | ৭০৩৩৭৮৪ | ৭১২৭৮৭৭ | ৪৩০০ | ১৪১৬৫৯৬১ |
| **মোট =** | | | **৬৫৪** | | **১১.০০** | **১৪০৬৭৫৬৮** | **১৪২৫৫৭৫৪** | **৮৬০০** | **২৮৩৩১৯২২** |

**প্রশাসনিক ব্যয়**

| ক্রম | খাত | মুন্সীগঞ্জ সদর | শ্রীনগর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | ৩০,০০০ | - | ৩০,০০০ |
| ২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ২৫,০০০ | - | ২৫,০০০ |
| ৩ | ট্যাগ অফিসার | ২,০০০ | ২,০০০ | ৪,০০০ |
| ৪ | ইউনিয়ন কমিটির আনুষঙ্গিক খরচ | ৩,০০০ | ৩,০০০ | ৬,০০০ |
| | **মোট =** | **৬০,০০০** | **৫,০০০** | **৬৫,০০০** |
| **সর্বমোট (২,৮৩,৩১,৯২২+ ৬৫,০০০) = ২,৮৩,৯৬,৯২২ (দুই কোটি তিরাশি লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বাইশ) টাকা** | | | | |

**শর্তাবলী:**

ক) ইজিপিপি সংশোধিত নির্দেশিকা ২০২৫ অনুযায়ী খাল খনন/পুনঃখনন/সংস্কার কার্যক্রম গ্রহণ করতে হবে;

খ) বরাদ্দকৃত অর্থ দ্বারা যে পরিমাণ খাল খনন করা যাবে তার পূর্ণাঙ্গ প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কর্ণধার কমিটির অনুমোদন সাপেক্ষে এই অর্থ ব্যয় করাতে হবে;

গ) প্রকল্প গ্রহণের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়ের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

চলমান পাতা ২

ঘ) খাল খননের ক্ষেত্রে পানি নিষ্কাশন, সেচ ব্যবস্থা এবং কৃষি উন্নয়নকে অগ্রাধিকার দিতে হবে;
ঙ) খাল খননের জন্য পরিবেশের যেন ক্ষতি না হয় তা নিশ্চিত করতে হবে;
চ) দীর্ঘমেয়াদি পানি প্রবাহ ও পরিকল্পনা ঠিক রাখতে হবে;
ছ) খননকৃত খালের উত্তোলিত মাটি প্রযোজ্য ক্ষেত্রে নিলামের মাধ্যমে বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
জ) বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই যথাসম্ভব খাল খনন শেষ করতে হবে;
ঝ) ওয়েজ খাতে অনুমোদিত প্রকল্প সংশ্লিষ্ট এলাকা হতে উপকারভোগী নির্বাচন করা যাবে এবং সপ্তাহে ০৭ (সাত) দিন কাজ করার সুযোগ থাকবে;
ঞ) সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে এবং ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে;
ট) পাক্ষিক প্রতিবেদন ও প্রকল্প বাস্তবায়ন শেষে সমাপ্তি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;
ঠ) এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না এবং অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;
ড) প্রকল্প দৃষ্টিনন্দন করার জন্য খালের দুই পাড়ে বৃক্ষরোপন করতে হবে;
ঢ) খালের দৈর্ঘ্য, প্রস্থ এবং গভীরতা ও গতিপথ সঠিক রাখতে হবে; এবং
ণ) এ কার্যক্রম সম্পর্কিত (খাল খননের পূর্বের এবং পরেরসহ) ছবি সংরক্ষণ করতে হবে এবং প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। উক্ত বরাদ্দকৃত অর্থ উত্তোলন করা হলে সরকারী কোষাগারে জামদানপূর্বক চালানের মূল কপি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০২/০৬/২০২৬

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল : ffwegppreport@gmail.com

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.১১০

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ibas++ এ অর্থ বাতিল নিশ্চিত করতে অনুরোধ করা হলো]
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মুন্সীগঞ্জ
১১। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/শ্রীনগর, মুন্সীগঞ্জ
১২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)
১৩। জেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ
১৪। উপজেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ সদর/শ্রীনগর, মুন্সীগঞ্জ
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/শ্রীনগর, মুন্সীগঞ্জ
১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০২/০৬/২০২৬

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল : ffwegppreport@gmail.com